# ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ প্রদান সংক্রান্ত শর্তাবলী
## (নবম শ্রেণী ও তদূর্দ্ধ)

২০২২-২৩ শিক্ষাবর্ষে জনশিক্ষা প্রসার অধিকার কর্তৃক প্রদেয় স্কলারশিপের জন্য নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। কেবলমাত্র **দৃষ্টি-প্রতিবন্ধী, শ্রবণ-প্রতিবন্ধী, অস্থি সংক্রান্ত প্রতিবন্ধী এবং মানসিক প্রতিবন্ধীরা** নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন।

ক) যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত **প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্রের অনুলিপি** আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

খ) দরখাস্তকারীর পিতা-মাতা/অভিভাবকের যৌথ পারিবারিক বার্ষিক আয় অনধিক **২ লক্ষ টাকা** হতে হবে। ছাত্র-ছাত্রীদের **ব্যাঙ্কের অ্যাকাউন্ট নম্বর** এবং **IFSC Code** আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

গ) অব্যবহিত পূর্বের শ্রেণীর চূড়ান্ত পরীক্ষায় **কমপক্ষে ৪০ (চল্লিশ) শতাংশ নম্বর** পেতে হবে।

ঘ) মিউজিক/ভোকেশনাল কোর্সের ক্ষেত্রে রাজ্য/কেন্দ্রীয় সরকার বা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠানে ট্রেনিং বা অ্যাপ্রেন্টিসশিপও এর অন্তর্ভুক্ত।

ঙ) আবেদন পত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ **১৫ ই ডিসেম্বর, ২০২২-এর মধ্যে** যে কোন কাজের দিনে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের কার্যালয়ে জমা করতে হবে।

চ) রাজ্য/কেন্দ্রীয় সরকার প্রদত্ত অনুরূপ স্কলারশিপ এই অর্থবর্ষে পেয়ে থাকলে এই ক্ষেত্রে আবেদন করতে পারবেন না।

ছ) এই বিষয়ে কিছু জ্ঞাতব্য থাকলে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

অধিকর্তা
জনশিক্ষা প্রসার অধিকার
পশ্চিমবঙ্গ সরকার

JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE
J.M.M.C.
Estd-2008
PATIRAM, DAKSHIN DINAJPUR

02/11/22

Principal
Jamini Mazumder Memorial College
Patiram, Dakshin Dinajpur